



তথ্যবিবরণী

নম্বর:৬১

জাতীয় কবি'র স্মরণে শিক্ষামন্ত্রী

নজরুলের জয় বাংলা রণধ্বনি ও বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ একই সূত্রে গীথা

ত্রিশাল (ময়মনসিংহ, ২৭ মে ২০২৩ খ্রি.):

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কাছ থেকে জয় বাংলা শব্দটি এসেছিল। বঙ্গবন্ধু জয় বাংলা শব্দটি ধারণ করলেন। সেই জয় বাংলা আমাদের রণধ্বনি বা জয় ধ্বনি হিসেবে কাজ করেছে। সেই রণধ্বনি ধারণ করে নিরস্ত্র বাঙালি জাতি সশস্ত্র যুদ্ধের মধ্যদিয়ে একটি স্বাধীন বাংলাদেশ লাভ করল। আমার মতে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ বিশ্বের শ্রেষ্ঠতম ভাষণ। যে ভাষণের মধ্যদিয়ে একটি জাতি রাষ্ট্রের জন্ম হয়েছিল। মনে হয়, নজরুলের সেই বিদ্রোহী কবিতার একেবারে একটা বাস্তবরূপ।

শিক্ষামন্ত্রী (২৭ মে) শনিবার ময়মনসিংহের ত্রিশালে আয়োজিত তিনদিনব্যাপী জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ঊঁর ১২৪তম জন্মবার্ষিকী উদযাপনের ৩য় দিনে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

নজরুলের স্মৃতিরক্ষায় প্রধান অতিথি আরও বলেন, কবি নজরুল লিখেছিলেন, যবে উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না, অত্যাচারীর খড়গ কৃপাণ ভীম রণে-ভূমে রণিবে না, মহা-বিদ্রোহী রণকান্ত, আমি সেই দিন হব শান্ত। অপরদিকে, শোষিতের গণতন্ত্রের কথা, শোষণ মুক্তির কথা, বৈষম্যহীনতার কথা, অসাম্প্রদায়িকতার কথা বঙ্গবন্ধু সব সময় বলেছেন। দু'জনের কথা ও কাজে কী অসম্ভব মিল!

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মোঃ শফিকুল রেজা বিশ্বাস এর সভাপতিত্বে এ অনুষ্ঠানে বাংলা একাডেমির মহাপরিচালক মুহম্মদ নূরুল হুদা স্মারক বক্তার বক্তৃতা করেন। সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি, সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও ময়মনসিংহ-৬ আসনের সংসদ সদস্য মোঃ মোসলেম উদ্দিন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও ময়মনসিংহ-৭ আসনের সংসদ সদস্য মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, ময়মনসিংহ-৮ আসনের সংসদ সদস্য ফখরুল ইমাম, ময়মনসিংহ-১১ আসনের সংসদ সদস্য কাজিম উদ্দিন আহম্মেদ, জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান, পুলিশ সুপার মাহুম আহাম্মদ ভূঞা, বাংলাদেশ বার কাউন্সিল রিলিজ কমিটির চেয়ারম্যান এড.মোঃ জালাল উদ্দিন খান, ত্রিশাল উপজেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব আব্দুল মতিন সরকার, মেয়র এবিএম আনিছুলজামান, ভাইস চেয়ারম্যান হুমায়ুন করির আকন্দ মহিলা ভাইস চেয়ারম্যান মাহমুদা খানম রুমা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সমাপনী অনুষ্ঠানে সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য মনিরা সুলতানা মনি, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.সৌমিত্র শেখর দে, জাতীয় ও স্থানীয় পর্যায়ের বিভিন্ন স্তরের রাজনৈতিকবৃন্দ, মুক্তিযোদ্ধাগণ, জনপ্রতিনিধীবৃন্দ, নজরুল গবেষকবৃন্দ, সরকারি ও বেসরকারি পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ, সমাজের বিভিন্ন শ্রেণি পেশার লোকসহ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা পরবর্তী মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয় এবং এর মাধ্যমে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসন, ময়মনসিংহের মিলিত আয়োজনে দীর্ঘ ৩ দিনব্যাপী অনুষ্ঠানমালার পরিসমাপ্তি ঘটে।

#

মনির/রিদওয়ান/ফয়সাল/দেওয়ান/সজিব/২০২৩/২১:০০ ঘণ্টা